

মেলান্দহ সরকারি কলেজ, জামালপুর

অর্ধ-বার্ষিক পরীক্ষা- ২০২১ খ্রিস্টাব্দ

শ্রেণি- একাদশ, বিষয়- অর্থনীতি

(নিচের প্রশ্নগুলোর সংক্ষেপে/এক কথায় উত্তর লিখ। ৩০x১=৩০)

- ১) সকল প্রকার অর্থনৈতিক সমস্যার মূলে কী রয়েছে?
- ২) দ্রব্য কত প্রকার ও কী কী?
- ৩) 'The Economics of Cycle and Growth'- গ্রন্থটি কার লেখা?
- ৪) মৌলিক অর্থনৈতিক সমস্যাগুলো কী কী?
- ৫) 'মিশ্র অর্থনীতি' কাকে বলে?
- ৬) গাণিতিকভাবে প্রান্তিক উপযোগ কাকে বলে?
- ৭) 'ক্রমহ্রাসমান প্রান্তিক উপযোগ বিধি' সর্বপ্রথম কে উল্লেখ করেন?
- ৮) চাহিদা বিধির ব্যতিক্রম হয় কখন ?
- ৯) 'স্থিতিস্থাপকতা' বলতে কী বুঝায় ?
- ১০) যোগানের কয়েকটি নির্ধারকের নাম লিখ।
- ১১) উৎপাদনের উপাদানগুলোর নাম লিখ।
- ১২) চলতি মূলধনের অপর নাম কী?
- ১৩) মূলধনের গতিশীলতার ধরণগুলো লিখ।
- ১৪) মূলধন গঠন কী কী বিষয়ের উপর নির্ভরশীল?
- ১৫) অনুন্নত দেশে স্বল্পোৎপাদনের মূল কারণ কী?
- ১৬) এ অঞ্চলে কোন যুগের অর্থনীতিতে 'মুসলিম যুগের শাসনামল' লক্ষ্য করা যায়?
- ১৭) কখন এ অঞ্চলের দেওয়ানি লাভ করে ইংরেজ কোম্পানি?
- ১৮) বাংলাদেশের মোট শ্রমশক্তির কতভাগ মানুষ কৃষিক্ষেত্রে নিয়োজিত?
- ১৯) ১৯০১ সালে বাংলাদেশ অঞ্চলে আনুমানিক জনসংখ্যা কত ছিল?
- ২০) বাংলাদেশের অর্থনৈতিক কাঠামো বা খাত প্রধানত কত ধরণের?
- ২১) বাংলাদেশের শিল্পখাতে কতটি উপখাত রয়েছে ?
- ২২) ক্ষুদ্র ও কুটির শিল্পের মধ্যে পার্থক্য কী?
- ২৩) রপ্তানিমুখী শিল্পের কয়েকটি উদাহরণ দাও।
- ২৪) চা শিল্পের কয়েকটি সমস্যা উল্লেখ কর।
- ২৫) তৈরি পোশাক শিল্পের বিদ্যমান সমস্যা সমাধানে কয়েকটি করণীয় উল্লেখ কর।
- ২৬) ২০২০ সালে শান্তিতে নোবেলবিজয়ী সংস্থার নাম লিখ।
- ২৭) খাদ্য নিরাপত্তার দিকসমূহ কত প্রকার?
- ২৮) ২০১০-১১ অর্থবছরে শহর ও পল্লি এলাকায় চরম দারিদ্র্যের হার কত ছিল?
- ২৯) টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (SDG) বাস্তবায়নের সময়সীমা উল্লেখ কর।
- ৩০) BSTI এর কাজ কী?

নিচের প্রশ্নগুলোর উত্তর দাও- ৩০+২০+২০=৭০

ক) মৌলিক অর্থনৈতিক সমস্যাগুলোর চিত্রসহ বিশ্লেষণপূর্বক

অর্থনৈতিক ব্যবস্থা সম্পর্কে বিস্তারিত বর্ণনা দাও।

খ) চাহিদা ও যোগানের স্থিতিস্থাপকতার প্রকারভেদ চিত্র ও ব্যাখ্যাসহ উল্লেখ কর।

গ) বাংলাদেশের প্রেক্ষিতে শিল্পের ধরণ বা শ্রেণিবিভাগ বৈশিষ্ট্য ও উদাহরণসহ উল্লেখ কর।